# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ৩১ মার্চ, ২০০২।

স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

সভাপতি ঃ কর্ণেল এস এম মাহবুবুল করিম
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ভারপ্রাপ্ত স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম এ এস খান,(জি), বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন জামাল উদ্দিন আহমেদ, পিএসসি -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ খোরসেদ আলম -- সদস্য
ভারপ্রাপ্ত সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) জনাব মোঃ আজিজ খান -- সদস্য
১৪/১, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

(৫) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(৬) মিসেস সেলিনা আক্তার -- সদস্য
সহকারী কমিশনার ও ম্যাজিষ্ট্রেট
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সম্মানিত সদস্যবৃন্দের পক্ষ থেকে ক্যাপ্টেন এম এ এস খান, (জি), বিএন নতুন সভাপতি মহোদয়কে অভিনন্দন জানান। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ১২ ফেব্রুয়ারি, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ১২ ফেব্রুয়ারি, ২০০২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং- ২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ফেব্রুয়ারি, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ফেব্রুয়ারি, ২০০২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমানপাতা-২

**প্রস্তাব নং- ৩ ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জানুয়ারি ও ফেব্রুয়ারি, ২০০২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। অত্র ক্যান্টনমেন্টে ব্যাপকভাবে মশার উপদ্রব বৃদ্ধি পাওয়ায় মশক নিধনের জন্য জরুরী পদক্ষেপ গ্রহণের নিমিত্তে স্টেশন সদর দপ্তরের মাধ্যমে এসএইচও-কে অনুরোধ করে কার্যকরী ব্যবস্থা নেয়ার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হয়।

**প্রস্তাব নং- ৪ ঃ** রিভারভিউ ক্যান্টঃ বোর্ড স্কুলের জরুরী ব্যয় নির্বাহের জন্য স্থায়ী অগ্রিম মঞ্জুর প্রসংগে উক্ত স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ২১-৩-২০০২ ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** রিভারভিউ ক্যান্টঃ বোর্ড স্কুলের জরুরী ব্যয় নির্বাহের জন্য স্থায়ী অগ্রিম মঞ্জুর প্রসংগে উক্ত স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ২১-৩-২০০২ ইং তারিখের আবেদনের উপর বিস্তারিত আলোচনান্তে নীতিগত অনুমোদন করা হয়। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং- ৫ ঃ** ঈদ-উল্- আযহা-২০০২ উপলক্ষ্যে ঢাকা কেন্দ্রীয় মসজিদ সম্মুখস্থ ঈদগাহ্ মাঠে সাজ-সজ্জাকরণের নিমিত্তে মেসার্স সাগর ডেকোরেটর কর্তৃক প্রদত্ত মোট ৩৭,১০০/- টাকার সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদনকরণ। এ ব্যাপারে গত ০৪-৩-২০০২ ইং তারিখে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত মিনিটশীট উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টির ব্যাপারে আলোচনা হলো। আলোচনান্তে বিষয়টি ঘটনোত্তর অনুমোদন করা হলো।

**প্রস্তাব নং- ৬ ঃ** অত্র দপ্তরের আইন উপদেষ্টা কর্তৃক নিম্নেবর্ণিত মামলাসমূহ পরিচালনার নিমিত্তে বিবিধ খরচ বাবদ পেশকৃত টাকার ব্যয়ের অনুমোদনকরণ ঃ-

(ক) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬০ নং বাড়ী নিয়ে মহামান্য হাইকোর্টে বিচারাধীন এফএ নম্বর ৫৩/২০০০ পেপার বুক তৈরি এবং দাখিল ও আনুষাঙ্গিক খরচ বাবদ ১৮,০০০/- টাকা।

(খ) রজনীগন্ধা সুপার মার্কেটের ৪০ নম্বর মাংসের দোকানের মালিকানা নিয়ে জনাব মিজানুর রহমান কর্তৃক দায়েরকৃত সহকারী জজ দ্বিতীয় আদালতের ৩১/২০০২ নং দেওয়ানী মোকদ্দমা আদেশের বিরুদ্ধে আপীল দায়েরের নিমিত্তে বিভিন্ন খরচ বাবদ ৭,৩০০/- টাকা।

চলমানপাতা-৩

গৃহীত সিদ্ধান্ত ঃ (ক) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬০ নং বাড়ী নিয়ে মহামান্য হাইকোর্টে বিচারাধীন এফ এ নং-৫৩/২০০০ এর পেপার বুক তৈরী, দাখিল এবং আনুসাংগিক খরচ বাবদ মোট ১৮,০০০/- (আঠার হাজার) টাকা অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। উল্লেখ্য মামলাধীন বাড়ীটি পরিত্যক্ত সম্পত্তি বিধায় এ ব্যয় পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা তহবিল হতে নির্বাহ করা হবে।

(খ) রজনীগন্ধা সুপার মার্কেটের ৪০ নং দোকানের মালিকানা নিয়ে জনাব মিজানুর রহমান কর্তৃক দায়েরকৃত সহকারী জজ দ্বিতীয় আদালতের ৩১/২০০২ নং দেওয়ানী মোকদ্দমা আদেশের বিরুদ্ধে আপীল দায়েরের বিভিন্ন খরচ বাবদ ৭,৩০০/- (সাত হাজার তিনশত) টাকা অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৭ ঃ শহীদ সরণিতে সম্প্রতি নির্মিত তিনটি পাবলিক টয়লেট ২০-৩-২০০২ ইং তারিখে ২(দুই) বছরের জন্য নিলাম ইজারা দেয়া হয়। উক্ত নিলাম ইজারায় শুধুমাত্র মোঃ আব্দুল মান্নান কর্তৃক মোট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার সর্বোচচ দর প্রদান করা হয়। উক্ত দর অনুমোদনের বিষয়ে অলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি পর্যালোচনান্তে ০৩(তিন)টি পাবলিক টয়লেট ২(দুই) বছরের জন্য নিলাম ইজারায় মাত্র ০১(এক)টি দরপত্র পাওয়া যাওয়ায় এতদবিষয়ে পুনঃবিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী এলাকাস্থিত একটি লেক ২০-৩-২০০২ ইং তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে ২(দুই) বছরের জন্য নিলাম ইজারা প্রদান করা হলে এ ব্যাপারে তিনটি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে লেঃ কর্ণেল এসএম রেজাউর রহমান (অবঃ) কর্তৃক প্রদত্ত মোট ২,৬০,১০০/- (দুই লক্ষ ষাট হাজার একশত) টাকা সর্বোচচ বিধায় উহা আলোচনা ও অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসে মহাখালী ডিওএইচএস এলাকাস্থিত একটি লেক মৎস্য চাষের নিমিত্তে ০১-৭-২০০২ ইং তারিখ হতে ৩০-৬-২০০৪ ইং তারিখ পর্যন্ত ০২(দুই) বৎসরের জন্য নিলাম ইজারায় লেঃ কর্ণেল এ এস এম রেজাউর রহমান (অবঃ) ২৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত সর্বোচচ উর্ধ্ব দর ২,৬০,১০০/- (দুই লক্ষ ষাট হাজার একশত) টাকা অনুমোদন করা হলো। উহা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এ প্রসংগে উল্লেখ্য যে, উক্ত লেক নিলাম ইজারায় অংশগ্রহণকারী মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লাইয়ার্স সর্বোচচ ডাককারী কর্তৃক তার প্যাডে দর উদ্ধৃত না করে লিখিত আবেদনপত্রের মাধ্যমে দর উদ্ধৃত করার ব্যাপারে ২০-৩-২০০২ ইং তারিখে যে অভিযোগ আনয়ন করা হয়েছে উহা পর্যালোচনা করা হয় এবং আমলযোগ্য কোন বিষয় না থাকায় গ্রহণ করা হলো না।

চলমানপাতা-৪

**প্রস্তাব নং- ৯ ঃ** গত ০৩-৩-২০০২ ইং তারিখে রজনীগন্ধা সুপার মার্কেটে ফুটপাত, রাস্তা এবং যত্রতত্র রাখা মালামালসমূহ উচ্ছেদ অভিযান কমিটি কর্তৃক জব্দ করা হয় এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধিগণের উপস্থিতিতে একটি জব্দ তালিকা প্রনয়ন করা হয় (পরিশিষ্ট 'ক')। উক্ত জব্দকৃত মালামালসমূহ ফেরৎ পাওয়ার ব্যাপারে স্টেশন সদর দপ্তরের মাধ্যমে এবং সরাসরি ছয়জন হকার কর্তৃক আবেদন করা হয়। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টি বিস্তারিতভাবে আলোচনা করা হয়। গত ০৩-৩-২০০২ ইং তারিখে রজনীগন্ধা সুপার মার্কেটে ফুটপাত, রাস্তা এবং যত্রতত্র রাখা জব্দকৃত মালামালসমূহ ফেরৎ না দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত জব্দকৃত মালামালসমূহের এম আর পি নিরূপনপূর্বক উহা বিজ্ঞপ্তির মাধ্যমে নিলাম দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া রজনীগন্ধা সুপার মার্কেটে যত্রতত্র বসা হকার উচ্ছেদ অভিযান পরিচালনা করার সিদ্ধান্তও গৃহীত হলো।

**প্রস্তাব নং- ১০ ঃ** রজসীগন্ধা সুপার মার্কেটে গত ০৩-৩-২০০২ ইং তারিখে হকার উচ্ছেদ কমিটি কর্তৃক জব্দকৃত পঁচনশীল মালামাল উক্ত তারিখেই তাৎক্ষনিক নিলাম দেয়া হয়েছিল। নিলামে জনাব মোঃ কাওছার, পিতা- জনাব মোঃ শাহ কাঞ্চন কর্তৃক প্রদত্ত সর্বোচচ নিলাম ডাক ৪,১০০/- ( চার হাজার একশত) টাকা ঘটনোত্তর অনুমোদনকরণ। এ ব্যাপারে ০৪-৩-২০০২ ইং তারিখে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক অনুমোদিত মিনিটশীট উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** গত ০৩-৩-২০০২ ইং তারিখের উচ্ছেদ কমিটি কর্তৃক জব্দকৃত পঁচনশীল মালামালসমূহের সর্বোচচ নিলাম ডাক ৪,১০০/- (চার হাজার একশত) টাকা ঘটনোত্তর অনুমোদন করা হলো।

**প্রস্তাব নং- ১১ ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক জনাব মির্জা আহসানুল হাবিব কর্তৃক বি-এস/১ নং ফ্ল্যাটটি মিসেস তাহমিনা বুলবুল, স্বামী জনাব আজিজ আহমেদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন ও প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক মির্জা আহসানুল হাবিব কর্তৃক বি-এস/১ নং ফ্ল্যাটটি মিসেস তাহমিনা বুলবুল, স্বামী- জনাব আজিজ আহমেদ, প্রযত্নে- লেঃ কর্ণেল জাহিদ মাহমুদ, ৫৬৩/৩, রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার, ঢাকা সেনানিবাস -এর নামে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি বোর্ডসভায় বিস্তারিত আলোচনা করা হয় । এ বিষয়ে সকল প্রকার আনুষ্ঠানিকতা পালন সাপেক্ষে ফ্ল্যাট হস্তান্তরের নীতিমালার ভিত্তিতে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমানপাতা-৫

ং-১২ ঃ নেপচুন এডভাটাইজার্স কর্তৃক স্থাপিত ৮০(আশি)টি মেগাসাইনবোর্ড এর ব্যাপারে গৃহীত সিদ্ধান্ত নম্বর-৯, তারিখ ১২-০২-২০০২ ইং এর মাধ্যমে ৩৫/২০ টাকা হতে প্রতি বর্গফুট ৪৫/-টাকা হারে ২০০১-২০০২ ইং সালের জন্য নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন এলাকার মেগাসাইন ও হোর্ডিং বোর্ড পরবর্তী দুই বছরের জন্য গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নিলাম দেয়ার ব্যাপারে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানকে অত্র দপ্তরের পত্র নম্বর ঢাক্যাবো/টিএফটি/২২/৯/১৭৩, তারিখ ১২-১২-২০০২ ইং -এর মাধ্যমে ১৮টি হোর্ডিং বোর্ড প্রতি বর্গফুট ৩৫.২০ টাকা হারে ২০০১ ইং সনের জন্য অর্থাৎ ৩১-১২-২০০১ ইং পর্যন্ত নবায়ন করা হয়েছিল। যেহেতু সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ৮০টি মেগাসাইন প্রতি বর্গফুট ৪৫/- টাকা হারে ২০০১-২০০২ ইং সালের জন্য অনুমোদন দেয়া হয়েছে সেহেতু উক্ত বর্ধিত হারে ৩০ জুন, ২০০২ পর্যন্ত ১৮টি হোর্ডিং সাইনবোর্ডের মেয়াদ বর্ধিত করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এছাড়াও মেগাসাইন বোর্ড স্থাপনের নিমিত্তে প্রস্তুতকৃত খসড়া শর্তসমূহ অনুমোদনকরণ (পরিশিষ্ট 'খ')। উল্লেখ্য প্রস্তাবিত হার স্টেশন সদর দপ্তর কর্তৃক গঠিত একটি অফিসার পর্ষদ কর্তৃক সুপারিশকৃত।

সিদ্ধান্ত ঃ মেসার্স নেপচুন এডভাটাইজার্স কর্তৃক স্থাপিত ১৮ (আঠার)টি হোর্ডিং বোর্ড প্রতি বর্গফুট ৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা হারে সর্বমোট ৪৮৬০.০০ বর্গফুট ৩০-৬-২০০২ ইং পর্যন্ত নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উপর্যুক্ত অনুমোদিত হারে ক্যান্টনমেন্ট বোর্ডের সমুদয় প্রাপ্য অর্থ ৩০ এপ্রিল, ২০০২ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। এছাড়া ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন এলাকার হোর্ডিং বোর্ড এবং মেগাসাইনসমূহ বিজ্ঞপ্তির মাধ্যমে নিলাম দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

নং-১৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর বি/১ নং ফ্ল্যাট জনাব আব্দুল মতিন, পিতা-মোঃ সানাউল্যাহ, বি/৩ নং ফ্ল্যাট জনাব শরীফ মাহমুদুল হক, পিতা- কর্ণেল ফজলুল হক এবং সি/৫ নং ফ্ল্যাট লেঃ কর্ণেল এ বি এম ফারুক (অবঃ), পিতা- আলহাজ্ব তালুকদার এম এ রশিদ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত অলোচনা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১৬/এফ নং প্লটে নির্মিত বাড়ীর বি/১ নং ফ্ল্যাট জনাব আবদুল মতিন, পিতা- জনাব মোঃ সানাউল্লাহ, বি/৩ নং ফ্ল্যাট জনাব শরীফ মাহমুদুল হক, পিতা- কর্ণেল ফজলুল হক এবং সি/৫ নং ফ্ল্যাটটি লেঃ কর্ণেল এ বি এম ফারুক (অবঃ), পিতা- আলহাজ্ব তালুকদার এম এ রশিদ -এর নিকট বিক্রয়/হস্তান্তরের ব্যাপারে উক্ত বাড়ীর অনুমোদিত নক্শা বহির্ভূত অংশ ভেংগে অপসারণ সাপেক্ষে ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং-১৪ ঃ** ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ২/১ নং ফ্ল্যাট জনাব অনোয়ার হোসেন, পিতা-মৃত হাজী মোঃ ইয়াকুব, ২/৩ নং ফ্ল্যাট মিসেস সৈয়দা ইকবাল আরা, পিতা-মৃত সৈয়দ আব্দুল হক এবং ৩/১ নং ফ্ল্যাটটি মিসেস বিলকিস জামান, স্বামী-জনাব জি এম বদিউজ্জামান এর নিকট বিক্রয়/হস্তান্তর করার অনুমতি প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে বাড়ীর মালিকের আবেদন, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৩০/এফ নং প্লটে নির্মিত বাড়ীর ২/১ নং ফ্ল্যাট জনাব আনোয়ার হোসেন, পিতা-মৃত হাজী মোঃ ইয়াকুব, ২/৩ নং ফ্ল্যাট মিসেস সৈয়দা ইকবাল আরা, পিতা-মৃত সৈয়দ আবদুল হক এবং ৩/১ নং ফ্ল্যাটটি মিসেস বিলকিস জামান, স্বামী- জনাব জি এম বদিউজ্জামান -এর নিকট বিক্রয়/হস্তান্তরের ব্যাপারে উক্ত বাড়ীর অনুমোদিত নক্‌শা বহির্ভূত অংশ ভেংগে অপসারণ সাপেক্ষে ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং- ১৫ ঃ** বারিধারা ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস সংযোগ ব্যবসা পরিচালনার জন্য গ্রামিন সাইবারনেট লিমিটেড এর ম্যানেজার জনাব মোঃ ইমদাদুল হক, বাড়ী নং-১, রোড নং-৮০, গুলশান-২, ঢাকা গত ০৬-০২-২০০২ ইং তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত ব্যবসা পরিচালনার অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে ডিওএইচএস এসোসিয়েশনের এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টি পর্যালোচনান্তে অনুমমোদন করা হলো। এ ব্যাপারে সংশ্লিষ্ট ফার্ম কর্তৃক ডিওএইচএস এসোসিয়েশনের সহিত আলোচনা সাপেক্ষে গ্রাহকদের নিকট হতে কি হারে সংযোগ এবং মাসিক ফি আদায় করা হবে এতদ্‌সংক্রান্ত বিষয়ে ডিওএইচএস এসোসিয়েশনের প্রত্যয়নপত্রসহ একটি প্রতিবেদন ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে। এছাড়া গত ১০-০১-২০০২ ইং তারিখের গৃহীত সিদ্ধান্ত নং- ৩৩ বিবিধ(খ) -এর মাধ্যমে অনুমোদিত যাবতীয় শর্তাবলী উল্লেখপূর্বক সংবিশ্লষ্ট ফার্মকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ক্যান্টনমেন্ট বোর্ডের সহিত চুক্তি সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

**প্রস্তাব নং- ১৬ ঃ** স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯-৩-২০০২ ইং তারিখের ৬২৪/১/এস/এ নং পত্রের আলোকে শহীদ সাত্তার মার্কেটস্থ ৪ নং সাঈদা ফার্মেসী তাৎক্ষনিক বন্ধ করা হয়। উক্ত দোকান খোলার ব্যাপারে দোকানের ব্যবসায়ীর আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এমতাবস্থায়, ব্যবসায়ীর আবেদন ও স্টেশন সদর দপ্তরের ১৯-৩-২০০২ ইং তারিখের পত্র উপস্থাপন করা হলো। এছাড়া এ ব্যাপারে উক্ত দোকানের মালিক/কর্মচারীদের নিকট হতে একটি প্রতিবেদন উপস্থাপন করা হলো।

চলমানপাতা-৭

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে শহীদ সাত্তার মার্কেটের ৪ নং সাঈদা ফার্মেসির মালিককে তাৎক্ষনিকভাবে তার বর্তমান ভাড়াটিয়ার সহিত ভাড়া চুক্তি বাতিল করার নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। ভবিষ্যতে দোকানের বরাদ্দলাভকারী নিজে দোকান পরিচালনা করবেন অথবা নুতন ভাড়াটিয়া/কর্মচারী দ্বারা উক্ত দোকান পরিচালনা করবেন। ঔষধ অত্যাবশ্যকীয় বিধায় যুক্তিসংগত হারে উহার মূল্য গ্রহণ করার জন্য দোকানের মালিককে সতর্ক করা হোক। এছাড়াও এফ আই ইউ, ঢাকা সেনানিবাস কর্তৃক তাদের ১০-৩-২০০২ ইং তারিখের ৫১৪/৫৯/১০৪/জি নং পত্রে সৈনিক মোঃ নাহিত হোসেন ভূইয়াকে ঔষধের মূল্য বাবদ গৃহীত অতিরিক্ত/আর্থিক ক্ষতি বাবদ ৬,৭৪৯.৬০ (ছয় হাজার সাতশত উনপঞ্চাশ টাকা ষাট পয়সা) টাকা ফেরৎ দেয়ার জন্য সুপারিশ করা হয়েছে। তবে উক্ত দোকানের ব্যবসায়ী মোঃ রাশিদুল হক কর্তৃক এরিয়া কমান্ডার, ঢাকা সেনানিবাসকে সম্বোধিত তার ২৩-৩-২০০২ ইং তারিখের আবেদনে উল্লেখ করা হয়েছে যে, উক্ত সৈনিক মোঃ নাহিদ হোসেন এর নিকট ৫,৯০০/- (পাঁচ হাজার নয়শত) টাকা পাওনা রয়েছে। বিষয়টি বিতর্কিত বিধায় সংশ্লিষ্টদের শুনানী গ্রহণ করে বিষয়টি নিস্পন্ন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকাকে অনুরোধ করা হলো।

**প্রস্তাব নং- ১৭ ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৯-২০০০ ইং আর্থিক সালের অডিট আপত্তির ব্রডশীট (বিএসআর) জবাব অবহিত হওয়া ও অনুমোদনকরণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯৯-২০০০ ইং আর্থিক সালের অডিট আপত্তির ব্রডশীট (বিএসআর) জবাব অবহিত হওয়া গেল। বিধি মোতাবেক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো। এ বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে।

**প্রস্তাব নং- ১৮ ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| ১) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বোর্ডরুমের বাথরুম সংস্কার ও মেরামতকরণ। | ২৩,৪৭১/- | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ২৮% উর্ধ্বে | ২০% উর্ধ্বে |
| ২) | রজনীগন্ধা সুপার মার্কেটের সবজি বাজারের ভিতরে ও বাহিরে রংচুনাসহ আনুসাংগিক মেরামত কাজ। | ৪৯,৫৭৬/- | মেসার্স মহি এন্ড ব্রাদার্স | ২৩% উর্ধ্বে | ১৪% উর্ধ্বে |

চলমানপাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্মনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| (৩) | শহীদ মঙ্গনুল রোডের বাহির পথ হতে স্বাধীনতা চত্বর পর্যন্ত রোড ডিভাইডার নির্মাণকরণ (গ্রূপ-ক)। | ৩,৬০,৫৬০/- | মেসার্স আলম ব্রাদার্স | ৩৮% উর্ধ্বে | ২৬% উর্ধ্বে |
| (৪) | শহীদ জাহংগীর গেইটের বাহিরের প্রবেশ পথে রোড ডিভাইডার নির্মাণকরণ। | ১,৭২,০০০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৩৭% উর্ধ্বে | ২৬% উর্ধ্বে |
| (৫) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির মান্নান লাইনের নিকটবর্তী এমইএস স্টোরের বিপরীত দিকের রাস্তার পূর্বপার্শ্বে এবং গ্যারিসন সিনেমা হলের দক্ষিণপার্শ্বে গলফ্ ক্লাব দেওয়াল সংলগ্ন দু'টি যাত্রী ছাউনি নির্মাণ এবং যাত্রী ছাউনির সম্মুখের রাস্তাদ্বয় নির্মাণকরণ। | ১৩,১৫,৫৬৭/- | মেসার্স এম এ ওয়াহেদ | ৩৪.২৯%উর্ধ্বে | ২৭% উর্ধ্বে |
| (৬) | বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদের পুকুরের পাড়ে ওয়াকওয়ে নিরাপত্তা বাতি স্থাপনকরণ। | ২,৩৭,৮৩২/- | মেসার্স মনিকা ইন্টারন্যাশনাল প্রাঃ লিঃ | ২৭% উর্ধ্বে | ১৯% উর্ধ্বে |
| (৭) | বারিধারা ডিওএইচএস এলাকার ৪৮৯/বি ও ৮৯১ নং প্লটের পিছনে বাউন্ডারী ওয়াল নির্মাণকরণ। | ৯৭,৯১৭/- | মেসার্স বসুন্ধরা ট্রেডার্স | ৪৭% উর্ধ্বে | ২৩% উর্ধ্বে |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৪/এ নং বিল্ডিং -এর নীচতলা মেরামত ও রংকরণ। | ৪০,১৫৪/- | মেসার্স খান ট্রেডার্স | ২৫% উর্ধ্বে | ১১% উর্ধ্বে |
| (৯) | বারিধারা ডিওএইচএস এলাকার সিকিউরিটি গার্ডদের জন্য ব্যারাক নির্মাণকরণ। | ১৫,০০,০০০/- | মেসার্স নাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল | ৩৪.৭৫% উর্ধ্বে | ২৭% উর্ধ্বে |
| (১০) | বারিধারা ডিওএইচএস এলাকায় ৫ নং লেইন হতে ১৩ নং লেইন পর্যন্ত ওয়াকওয়ে নির্মাণকরণ। | ১২,৮৪,৮০০/- | মেসার্স এসএস এন্টারপ্রাইজ | ৩০% উর্ধ্বে | ২৬% উর্ধ্বে |
| (১১) | শহীদ সরণির পুরাতন লগ এরিয়ার সামনে (বর্তমান এমপি ইউনিট অফিস) আজ্জিজপল্লীর সম্মুখে, শিখা অনির্বান ও সেনাভবনের সম্মুখের ড্রেন, রাস্তা কার্পেটিং ও সীলকোটকরণ। | ৭,০১,৪০০/- | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ২৮% উর্ধ্বে | ১০% উর্ধ্বে |
| (১২) | বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-১৩ এর পশ্চিমাংশের আরসিসি পাইপ ড্রেন নির্মাণকরণ। | ১,৪২,০০০/- | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ৩৪% উর্ধ্বে | ১৮% উর্ধ্বে |
| (১৩) | ক্যান্টনমেন্ট বোর্ড আন্তঃ বিদ্যালয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০০২ উপলক্ষ্যে শহীদ রমিজউদ্দিন উচচ বিদ্যালয়ের সংশ্লিষ্ট ভবনসমূহের মেরামত ও চুনার কাজ। | ৪৪,৭১১/- | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ২০% উর্ধ্বে | ০৭% উর্ধ্বে |
| (১৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং সড়কের ড্রেন মেরামতসহ কালভার্ট নির্মাণকরণ। | ১৭,১৬৮/- | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ৩২% উর্ধ্বে | ২০% উর্ধ্বে |

চলমানপাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| (১৫) | আর্মি হেডকোয়ার্টারের গেইটের উত্তর হতে সেনাকুঞ্জের উত্তর গেইট পর্যন্ত রাস্তা কার্পেটিং, সীলকোটকরণসহ টেনিস গ্রাউন্ডের নিকটবর্তী সাইড ওয়াল ফুটপাত সোজাকরণ কাজ। | ১৩,৫৩,০০০/- | দি মুন এন্টারপ্রাইজ | ২৮% নিম্নে | ---- |
| (১৬) | শহীদ সরণির পুরাতন এয়ার হেডকোয়ার্টারের দক্ষিণপার্শ্ব হতে ডিজিএমএস অফিস পর্যন্ত রাস্তা কার্পেটিং, সীলকোট ও পাইপ ড্রেন নির্মাণ কাজ। | ১২,৫৭,০০০/- | মেসার্স জি এম ট্রেডার্স | ২৭.৯৫% নিম্নে | ----- |
| (১৭) | বারিধারা ডিওএইচএস এলাকার উত্তরপার্শ্বে সীমানা দেওয়াল পশ্চিমদিকে বর্ধিতকরণ। | ২,০০,০৭৮/- | মেসার্স এমআর এন্টারপ্রাইজ | ২.০০% নিম্নে | ----- |
| (১৮) | বারিধারা ডিওএইচএস এলাকায় ৪৪৭/এ নং প্লটে মাটি ভরাটকরণ। | ৬৮,৬২২/- | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স | ৩৫.৫৯% উর্ধ্বে | ২০% উর্ধ্বে |
| (১৯) | ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এলাকার ১০০/বি নং প্লটের সামনে আরসিসি পাইপ ড্রেনসহ রাস্তা নির্মাণকরণ। | ১,৬৪,৯৭৮/- | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ | ২৯% উর্ধ্বে | ১৮% উর্ধ্বে |
| (২০) | বারিধারা ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ণ রোডের একপার্শ্বে ফুটপাত নির্মাণকরণ। | ৩৫,০০,৫৩৪/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ০৭% নিম্নে | ----- |
| (২১) | বারিধারা ডিওএইচএস এলাকার বারিধারা সংযোগ সড়ক ও আরসিসি পাইপ ড্রেনের বাকী অংশ নির্মাণকরণ। | ২৫,৬২,০০০/- | মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ২০% নিম্নে | ----- |
| (২২) | বারিধারা ডিওএইচএস এলাকার পাকা ডাস্টবিন নির্মাণকরণ। | ১৭,৩০০/- | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ২৬% উর্ধ্বে | ২০% উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বোর্ডের কারিগরী সদস্য সিএমইএস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে এমইএস -এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজগুলির সর্বনিম্ন দর নির্ধারণ (ভেটিং) করা হয়েছে। সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং- ১, ২, ৩,৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১,১২, ১৩, ১৪, ১৮, ১৯, ২২ = ১৭(সতের)টি কাজের নিম্নেবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হোক ঃ-

চলমানপাতা-১০

(১) ২০% উর্ধ্ব দর অনুমোদিত
(২) ১৪% উর্ধ্ব দর অনুমোদিত
(৩) ২৬% উর্ধ্ব দর অনুমোদিত
(৪) ২৬% উর্ধ্ব দর অনুমোদিত
(৫) ২৭% উর্ধ্ব দর অনুমোদিত
(৬) ১৯% উর্ধ্ব দর অনুমোদিত
(৭) ২৩% উর্ধ দর অনুমোদিত
(৮) ১১% উর্ধ্ব দর অনুমোদিত
(৯) ২৭% উর্ধ্ব দর অনুমোদিত
(১০) ২৬% উর্ধ্ব দর অনুমোদিত
(১১) ১০% উর্ধ্ব দর অনুমোদিত
(১২) ১৮% উর্ধ্ব দর অনুমোদিত
(১৩) ০৭% উর্ধ্ব দর অনুমোদিত
(১৪) ২০% উর্ধ্ব দর অনুমোদিত
(১৮) ২০% উর্ধ্ব দর অনুমোদিত
(১৯) ১৮% উর্ধ্ব দর অনুমোদিত
(২২) ২০% উর্ধ্ব দর অনুমোদিত

ক্রমিক নং-১৫, ১৬, ১৭, ২০ ও ২১ = ৫(পাঁচ)টি কাজের ব্যাপারে বোর্ডের কারিগরি সদস্য সিএমইএস (আর্মি) সভায় জানান যে, ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরসমূহ বাস্তবসম্মত নহে বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অন্তর্ভূক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দরগুলি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ দেয়া হোক।

**প্রস্তাব নং- ১৯ ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডউল অব রেইটস, ১৯৯৫ মোতাবেক | যে খাত হতে ব্যয় সংকুলান করা যাবে। | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার প্লট নং-৪৮৫ হতে ৪৯৫/বি, ৪৮৯ হতে ৪৯১/এ, ৪৭৩ হতে ৫১৪ পর্যন্ত তিনটি রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৩,৮৭,৭৯৩/- | ডিওএইচএস বারিধারার উন্নয়ন খাত হতে। | |
| (২) | মহাখালী ডিওএইচএস এলাকায় সিকিউরিটি ব্যারাকের দু'তলা নির্মাণ কাজ (সিঁড়িঘরসহ)। | ৭,৫৭,৮০০/- | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে অনুদান প্রাপ্তি সাপেক্ষে। | |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ক্যান্টঃ বোর্ড কোয়ার্টার নং-৬৫/এ মেরামত ও রংকরণ। | ৮৭,৯৭০/- | ঘর-বাড়ী মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত হতে। | |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ক্যান্টনমেন্ট বোর্ড কোয়ার্টার নং-১০৩ এর দোতলা মেরামত ও রংকরণ। | ৪৮,৭৪৫/- | -ঐ- | |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডউল অব রেইটস, ১৯৯৫ মোতাবেক | যে খাত হতে ব্যয় সংকুলান করা যাবে। | মন্তব্য |
|---|---|---|---|---|
| (৫) | মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের রাস্তাসমূহে ইটের সলিংকরণ মোট ১১ গ্রূপ। | ১,৭৯,২৩,০৮৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস এর উন্নয়ন ফান্ড হতে। | |
| (৬) | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরনির মঈনুল রোড হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডেসা কর্তৃক কর্তনকৃত রাস্তা (শুধুমাত্র গেইট ও ক্রসড্ রোড) মেরামত কাজ। | ৯২,৮৬১/- | ডেসা কর্তৃক ক্ষতিপূরণ বাবদ জমাকৃত অর্থ হতে। | |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১(এক) হতে ৬(ছয়)= ৬(ছয়)টি প্রকল্প/মেরামত কাজের মূল্যানুমান সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং- ২০ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রনাধীন বিভিন্ন এলাকায় পানি সরবরাহের বিল বৃদ্ধি প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন বিভিন্ন এলাকায় পানি সরবরাহের বিল ৫০/-(পঞ্চাশ) টাকা বৃদ্ধির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। এখানে উল্লেখ্য যে, ফ্ল্যাটের প্রতি ইউনিট (বাড়ী) এর জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে অর্থাৎ পূর্বের ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকার স্থলে ৪০০/- (চারশত) টাকা করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বর্ধিত হার ০১ জুলাই, ২০০২ হতে কার্যকর হবে।

প্রস্তাব নং- ২১ ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএসসমূহ ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ১৪টি নক্শা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নক্শাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

| ক্রমিক নং | প্লটের মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | মেজর জেনারেল মোহাম্মদ আবু ইসহাক ইব্রাহীম, পিএসসি | ১২৩ | বারিধারা ডিওএইচএস | |
| (২) | জনাব মোঃ শফিকুল হায়দার চৌধুরী ও জনাব মোঃ সিদ্দিক উল্লাহ | ৫৪১/৪ | -ঐ- | |
| (৩) | ব্রিগেডিয়ার জেনাঃ আহমদ মুক্তাদির আরীফ | ১৩৯ | -ঐ- | |
| (৪) | এয়ার ভাইস মার্শাল এম রফিকুল ইসলাম এনডিসি, পিএসসি | ৪৯৬ | -ঐ- | |
| (৫) | ব্রিগেডিয়ার জেনাঃ এম এম ইকবাল হোসেন পিএসসি | ১২৫ | -ঐ- | সংশোধিত |

চলমানপাতা-১২

| | | | | |
|---|---|---|---|---|
| (৬) | লেঃ কর্ণেল মোঃ শফিউল ইসলাম (অবঃ) | ৪৫০/১ | -ঐ- | -ঐ- |
| (৭) | কমান্ডার শাহনেওয়াজ, বিএন | ৫১৭/৬ | -ঐ- | -ঐ- |
| (৮) | জনাব মোঃ হারুন-অর-রশিদ | ১৩১ | মহাখালী ডিওএইচএস | -ঐ- |
| (৯) | জনাব মোঃ হাতেম শিকদার | ৫০০ | -ঐ- | -ঐ- |
| (১০) | মিসেস ইয়াসমীন চৌধুরী | ৮১ | বনানী ডিওএইচএস | -ঐ- |
| (১১) | জনাব মোঃ মোস্তাক হোসেন গং | ৯২ | -ঐ- | -ঐ- |
| (১২) | মিসেস মমতাজ বেগম | ৬৭/এ | ক্যান্টঃ আবাসিক এলাকা | -ঐ- |
| (১৩) | মিসেস মাকসুদা বেগম | ১২৩ (আংশিক) | লালসরাই | |
| (১৪) | জনাব নূরমোহাম্মদ খান | ১২৮ (আংশিক) | -ঐ- | |

গৃহীত সিদ্ধান্ত ঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২২- বিবিধ (১) ঃ

মুসলিম মডার্ণ একাডেমী, ঢাকা সেনানিবাসে সৃজনশীল গবেষনা কার্যক্রমের অনুমোদন প্রসংগে প্রফেসর এম এ মালেক, পিএইচডি, প্রফেসর এবং প্রাক্তন পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০ মার্চ, ২০০২ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। আবেদনপত্রখানা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ সভায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় সম্মানিত সদস্যবৃন্দ মতপোষন করেন যে, যেহেতু বিষয়টি সম্পূর্ণ অভিভাবকের ব্যক্তিগত সিদ্ধান্তের উপর নির্ভর করে সেহেতু বোর্ড এ ব্যাপারে কোন সিদ্ধান্ত দিতে পারে না। এমতাবস্থায়, বিষয়টির ব্যাপারে বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২২- বিবিধ (২) ঃ

রক্ষনাবেক্ষনের জন্য নিউ ডিওএইচএস, মহাখালী জামে মসজিদটি ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে গ্রহণ প্রসংগে প্রেসিডেন্ট, নিউ ডিওএইচএস ম্যানিজিং কমিটির ২৬-০৩-২০০২ ইং তারিখের পত্র নং ৪২৫/ ডিওএইচস(০) এর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ রক্ষনাবেক্ষনের জন্য নিউ ডিওএইচএস, মহাখালী জামে মসজিদটি ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে গ্রহণ প্রসংগে প্রেসিডেন্ট, নিউ ডিওএইচএস ম্যানিজিং কমিটির ২৬-০৩-২০০২ ইং তারিখের পত্র নং ৪২৫/ ডিওএইচস(০) এর উপর বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী আর্থিক সালের বাজেটে বর্ণিত মসজিদটি ক্যান্ট বোর্ডের তত্ত্বাবধানে গ্রহণ ও মেরামত/সংস্কারের প্রস্তাব রাখা হবে।

চলমানপাতা-১৩

প্রস্তাব নং-২২-বিবিধ (৩) ঃ

ডিওএইচএস বারিধারায় বরাদ্দকৃত ৪৮৫/এ নং প্লটের ভিতর হতে গ্যাস লাইন স্থানান্তরের জন্য ৩৬,৪৫৫.৩৫(ছত্রিশ হাজার চারশত পঞ্চান্ন টাকা পঁয়ত্রিশ পয়সা) টাকা টি এন্ড ডি কোং এর অনুকূলে জমা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোং লিমিটেড এর ২৩-০৩-২০০২ ইং তারিখের আঃপ্রঃজোন-৪/৬৫/৭.১১/২২০ নং পত্র সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ডিওএইচএস বারিধারায় বরাদ্দকৃত ৪৮৫/এ নং প্লটের ভিতর হতে গ্যাস লাইন স্থানান্তরের জন্য ৩৬,৪৫৫.৩৫ (ছত্রিশ হাজার চারশত পঞ্চান্ন টাকা পঁয়ত্রিশ পয়সা) টাকা তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কোং লিমিটেডকে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২২-বিবিধ (৪) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সরকারী বাসস্থানে বসবাসরত কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকাগণের নিকট হতে 'ডি' শ্রেণীর বাসস্থানের জন্য পানিকর মাসিক ১৯.৩৫ টাকা হতে ২৫.০০ টাকায় বৃদ্ধি এবং 'সি' শ্রেণীর বাসস্থানের জন্য ৮.৩৫ টাকা হতে ২০.০০ টাকায় বৃদ্ধি। এছাড়া 'সি' শ্রেণীর বাসস্থানের জন্য পয়ঃকর ২০.০০ টাকা এবং পৌরকর ১০.০০ টাকা। 'ডি' শ্রেণীর জন্য পয়ঃকর ২৫.০০ টাকা এবং পৌর কর ১০.০০ টাকা আদায়ের জন্য নিরীক্ষা কর্তৃক আপত্তি উত্থাপিত হয়েছে। নিরীক্ষা আপত্তির প্রেক্ষিতে সরকারী বাসস্থানে বসবাসরত কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকাদের নিকট হতে পয় ও পৌরকর আরোপ এবং পানি কর বৃদ্ধির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ নিরীক্ষা আপত্তির প্রেক্ষিতে সরকারী বাসস্থানে বসবাসরত কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকাদের নিকট হতে পয় ও পৌরকর আরোপ এবং পানি কর বৃদ্ধির ব্যাপারে বিস্তারিত আলোচনান্তে বিষয়টির উপর সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সিদ্ধান্ত অনুসারে ব্যবস্থা নেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২২-বিবিধ (৫) ঃ

বারিধারা স্কলার্স ইনস্টিটিউশন, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাসের জন্য জুটো ফাইবার গ্লাস ইন্ডাস্ট্রি হতে তাদের নির্ধারিত দরে ১০টি টেবিল( গোলাকার), ৫০টি চেয়ার (মিনি) ক্রয়ের নিমিত্তে ৮০,৫০০/- (আশি হাজার পাঁচশত) টাকা পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের অধ্যক্ষ এবং সদস্য সচিবের ১২-১১-২০০১ তারিখের ০৮/শিক্ষা/১০ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে বারিধারা স্কলার্স ইনস্টিটিউশন এর জন্য ১০টি টেবিল(গোলাকার) ও ৫০টি চেয়ার(মিনি) ক্রয়ের নিমিত্তে জুটোফাইভার গ্লাস ইন্ডাস্ট্রিকে ৮০,৫০০/- (আশি হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধের অনুমোদন দেয়া হলো।

প্রস্তাব নং-২২-বিবিধ (৬) ঃ

রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮০ নং দোকান হতে জনতা ব্যাংক পর্যন্ত ওভার হেড লাইনের পুরাতন তার বদল করণের জন্য ৮০,৩৫০/- (আশি হাজার তিনশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত অলোচনা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ডি/৮০ নং দোকান হতে জনতা ব্যাংক পর্যন্ত ওভারহেড লাইনের পুরাতন তারগুলি পরিবর্তনের ব্যাপারে এমইএস এর মাধ্যমে পরীক্ষা নিরীক্ষা করণের পর সিএমইএস (আর্মি) এর মতামত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২২-বিবিধ (৭) ঃ

বারিধারা ডিওএইচএস এলাকার দ্বিতীয় ধাপের লেন নং-৫ হতে ১২ পর্যন্ত (পশ্চিমাংশ) রাস্তা মেরামত ও কার্পেটিংকরণের নিমিত্তে ৩০,৩০,৪৬১/- (ত্রিশ লক্ষ ত্রিশ হাজার চারশত একষট্রি) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ। এতদ্বিষয়ে বারিধারা ডিওএইচএস এসোসিয়েশনের সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল এনায়েত হোসেন(অবঃ) এর ৩০ মার্চ, ২০০২ তারিখের পত্রটি এবং অপর দু'জন প্লট বরাদ্দলাভকারী কর্মকর্তার আবেদন উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, যে সকল রাস্তায় নূন্যতম ৫০% বাড়ী নির্মিত হয়েছে সে সকল রাস্তা সংস্কার/কার্পেটিংকরণের কাজ সম্পন্ন করা হবে। সেমতে রাস্তাগুলির মূল্যানুমান আলাদা আলাদাভাবে প্রস্তুতপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক এবং অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হোক। এ ব্যয় বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

প্রস্তাব নং-২২-বিবিধ (৮) ঃ

বারিধারা ডিওএইচএস এলাকার পূর্বপার্শ্বে নির্মিত বাউন্ডারী ওয়ালের উপরে বিভিন্ন স্থানে কাঁটা তারের বেড়া স্থাপনকরণের নিমিত্তে ৪৭,৬৫৪/- (সাতচল্লিশ হাজার ছয়শত চুয়ান্ন) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য এ ব্যয় বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে নির্বাহ করা হবে।

প্রস্তাব নং- ২২-বিবিধ (৯) ঃ

রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগীর হার্ডস্ট্যান্ড -এর উত্তর পার্শ্বের কিছু সংখ্যক কসমেটিক দোকানীদের পক্ষ হতে মোঃ দুলাল মিয়া কর্তৃক ০৬-০৩-২০০২ ইং তারিখের আবেদনের মাধ্যমে পুনঃ স্থান নির্ধারনের নিমিত্তে স্টেশন সদর দপ্তরের ২১-০৩-২০০২ ইং তারিখের ৬১৯/৪/এ নং পত্রসহ আলোচনাকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের উচেছদকৃত কসমেটিক হকারদের পক্ষ হতে জনাব মোঃ দুলাল মিয়া, কর্তৃক তার ০৬-৩-২০০২ ইং তারিখের আবেদনের উপর বিস্তারিত আলোচনান্তে বিষয়টি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২২-বিবিধ(১০) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস,১৯৯৫ অনুযায়ী | সর্মনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস কর্তৃক ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদের বাহির দিকে স্নোসেমকরণ(ডোম ও পিলারসহ)। | ৩৬,৩৫০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ২০% উর্ধ্বে | ৬% উর্ধ্বে |
| ২। | ঢাকা সেনানিবাসস্থ বহুতল ভবন বর্নালী, আশালতার সম্মুখে শিশুদের খেলাধুলার জন্য একটি ডবল দোলনা ও দু'টি সি-স স্থাপনকরণ। | ৪০,৬২১/- | মেসার্স ইউনুছ এন্ড ব্রাদার্স | ২৭% উর্ধ্বে | ২০% উর্ধ্বে |

চলমানপাতা-১৬

ৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত দু'টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। বোর্ডের কারিগরি সদস্য সিএমইএস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে এমইএস-এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে কাজ দু'টির সর্বনিম্ন দর নির্ধারণ করা হয়েছে। সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর দু'টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট হতে সম্মতিপত্র গ্রহণপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হোক।

(১) ০৬% উর্ধ দর অনুমোদিত

(২) ২০% উর্ধ দর অনুমোদিত

স্তাব নং-২২-বিবিধ(১১) ঃ

ঢাকা সেনানিবাসস্থ বারিধারা ডিওএইচএস জামে মসজিদের ইমামের বাসস্থান নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

ৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা হলো। আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকায় নবনির্মিত বারিধারা জামে মসজিদের ইমামের বসবাসের নিমিত্তে বাসস্থান নির্মাণের মূল্যানুমান প্রস্তুতপূর্বক উহা অনুমোদনের জন্য পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

প্রস্তাব নং-২২-বিবিধ(১২) ঃ

সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের কাজ গ্রুপ-'ক' ও গ্রুপ-'খ' এবং ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সামনে হার্ডস্ট্যান্ড নির্মাণের ব্যাপারে গত ১২-০২-২০০২ তারিখের বোর্ডসভার প্রস্তাব নং-১২(২), ১২(৩) এবং ১২(৪) এর আলোকে সি এম ই এস (আর্মি), ঢাকা সেনানিবাসের ৩০ মার্চ, ২০০২ তারিখের ২০০০/সিবি/১৭২/ই-২ নং পত্র এবং ২০০০/সিবি/১৭৮/ই-২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। সংশ্লিষ্ট পত্র দুইটি সভায় উপস্থাপন করা হলো।

চলমানপাতা-১৭

গৃহীত সিদ্ধান্তঃ গত ১২/০২/২০০২ তারিখের বোর্ডসভার সিদ্ধান্ত নং১২(২) , ১২(৩) এবং ১২(৪) এর আলোকে সি এম ই এস (আর্মি) , ঢাকা সেনানিবাসের সংশ্লিষ্ট পত্রদ্বয়ের উপর বিশদ আলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, পুনঃ দরপত্রে সর্বনিম্ন দরপ্রদানকারী মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট, মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস এবং মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ যথাক্রমে ৮.৮৭% উর্ধ্বে, ৮.৮৯% উর্ধ্বে এবং ৪.৯৯% উর্ধ্বদরে কাজ করতে যথাক্রমে ০৭/০৩/২০০২, ০৭/০৩/২০০২ এবং ০৬/০৩/২০০২ তারিখে লিখিতভাবে অনিহা প্রকাশ করায় সি এম ই এস (আর্মি), ঢাকা সেনানিবাসের ৩০/০৩/২০০২ তারিখের সংশ্লিষ্ট পত্রদ্বয়ের মতামত, সরকারী অর্থের সাশ্রয় এবং প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে ৩০/১২/২০০১ তারিখের তিনটি কাজের জন্য একক ফার্ম মেসার্স দি মুন এন্টারপ্রাইজের প্রদত্ত যথাক্রমে ৮.৮৭% উর্ধ্বে , ৮.৮৯% উর্ধ্বে এবং ৪.৯৯% উর্ধ্ব দরটি সর্বসম্মতভাবে অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট প্রকল্পগুলির বিপরীতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ব্যয়ের অনুমোদনপূর্বক মেসার্স দি মুন এন্টারপ্রাইজকে কার্যাদেশ প্রদান করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( খোরশেদ আলম চৌধুরী )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

( কর্ণেল এস এম মাহবুবুল করিম )
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ভারপ্রাপ্ত স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।